

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও, ঢাকা-১২০৭।

www.ugc.gov.bd

জরুরী

নথি নংঃ- ৬ (১২৩) বিমক/রিসাপা/ ক ও মা/ গপ্রআ/২০১২/ ২০০৮

তারিখ : ২৩/১০/১২

রেজিস্ট্রার

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
ঢাকা।

বিষয় : ২০১৩ সালের জন্য গবেষণা প্রকল্প আহবান।

জনাব,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বিশ্ববিদ্যালয় শিক্ষকগণকে গবেষণাকর্মে উৎসাহিত ও উদ্বুদ্ধ করার জন্য নিয়মিত আর্থিক সহায়তা দিয়ে আসছে। এই পরিপ্রেক্ষিতে কমিশন বাংলাদেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের কাছ থেকে ২০১৩ সালের জন্য গবেষণা প্রকল্প আহবান করছে। প্রকল্পগুলি কমিশনের নির্দিষ্ট ছকে (Proforma) যথাযথভাবে পূরণ করে আগামী ১৩/১২/২০১২ তারিখের মধ্যে পরিচালক রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগে প্রেরণ করতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, ১ বছর মেয়াদী প্রকল্পের বাজেট প্রকল্প পরিচালকের সম্মানী ও ১জন গবেষণা সহকারী/ল্যাব এ্যাটেনডেন্ট/ শ্রমিকের (প্রয়োজন) মাসিক ভাতাসহ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে প্রনয়ণ করতে হবে।

কমিশনের নিয়মাবলী সম্বলিত নোটিশ, সাধারণ তথ্যাবলী, শর্তাবলী এবং প্রোফর্মা ইউজিসির ওয়েব সাইটে (www.ugc.gov.bd) তে পাওয়া যাবে। নোটিশটি আপনার বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগে ও অনুষদে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

স্বাক্ষরিত :-

(ড. মোঃ লুৎফে আলম)

পরিচালক

রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগ

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ফোন : ৮১৮১৬১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। ডীন, প্রকৌশল অনুষদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২। ডীন, পুর কৌশল অনুষদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। ডীন, যন্ত্র কৌশল অনুষদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৪। ডীন, স্থাপত্য ও পরিকল্পনা অনুষদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। ডীন, তড়িৎ ও ইলেকট্রনিক্স অনুষদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। ডীন, পরিচালক উপদেশপ্রসারণ গবেষণা সার্ভিসেস, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৭-৮। অফিস কপি-মাস্টার কপি।




(মোঃ ওমর ফারুক)

উপ-পরিচালক

রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগ

ফোন : ৮১৮১৬২২

✓ Head, CSE,


10.11.2012
Mr. Faruk

“নোটিশ”

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ২০১৩ ইং সালের জন্য গবেষণা কর্মে সহায়তা দানের জন্য সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কাছ থেকে গবেষণা প্রকল্প আহ্বান করছে।

প্রকল্প প্রস্তাবনা কমিশনের নির্দিষ্ট প্রোফর্মা এবং নিয়মানুযায়ী হতে হবে। অসম্পূর্ণ প্রস্তাব বিবেচিত হবে না। এক বছর মেয়াদী প্রকল্পের জন্য প্রস্তাবিত বাজেট প্রকল্প পরিচালকের সম্মানী (১ মাসের মূল বেতন) ও ১ জন গবেষণা সহকারী/ ল্যাব এ্যাটেনডেন্ট/ শ্রমিকের (প্রয়োজনে) মাসিক ভাতাসহ অনূর্ধ্ব ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। গবেষণা প্রকল্পের আবেদনপত্র, তথ্যাবলী ও অন্যান্য কাগজপত্র ইউজিসি ওয়েব সাইট (www.ugc.gov.bd) তে পাওয়া যাবে।

গবেষণা প্রকল্প ৫ কপি করে বিভাগীয় প্রধান/অনুষদের ডীন এর দ্বারা অনুস্বাক্ষরিত হওয়ার পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে রেজিস্ট্রারের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট এণ্ড পাবলিকেশন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাও, ঢাকা-১২০৭ ঠিকানায় আগামী ১৩/১২/২০১২ ইং তারিখের মধ্যে পৌঁছাতে হবে। প্রকল্প প্রস্তাবনার Soft copy নিম্নঠিকানায় অবশ্যই পাঠাতে হবে। mmrahmanugc@gmail.com and dmlaugc@yahoo.com

বিঃ দ্রঃ

(ক) সহকারী অধ্যাপক থেকে অধ্যাপক এবং উচ্চতর পদের নিয়োজিত শিক্ষকগণ একক অথবা যৌথভাবে আবেদন করতে পারবেন। পিএইচডি ডিগ্রীধারী প্রভাষকগণও আবেদন করতে পারবেন।

(খ) মঞ্জুরী কমিশনের অর্থানুকূলে প্রকল্প চলমান থাকা অবস্থায় নতুন প্রকল্পের জন্য আবেদন করা যাবে না।

D e-1